## **২০১৫ হজ যাত্রার চুকতি**

২০১৫ সালের হজযাত্রা ( (1436H) বার্ষিক চুকতি স্বাক্ষরের জন্য পররাষ্ট্রমন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী জেনারেল(ডঃ) ভি কে সিং-এর(অবসরপ্রাপ্ত) নেতৃত্বে এক প্রতিনিধিদল ০৩-০২-২০১৫ সৌদী আরব যান। মন্ত্রীমহোদয় জেড্ডায় হজ বিষয়ক সৌদী মন্ত্রী সম্মানীয় ডঃ বন্দর ইবন মুহম্মদ হজ্জারের সংগে মিলিত হন এবং ২০১৫ সালের হজ যাত্রার ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করেন। এই আলোচনার পরেই ভারত ও সৌদী আরবের মধ্যে হজ বিষয়ক চুকতি স্বাক্ষরিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন ভারতীয় রাষ্ট্রদূত মিঃ হামিদ আলি রাও,ভারতের হজকমিটির চেয়ারম্যান মিঃ কাইজার শামিম,পররাষ্ট্রমন্ত্রকের যুগ্মসচিব(হজ) মিঃ অজিত গুপ্তে,ভারতের কনসাল জেনারেল মিঃ বি এস মুবারক,ভারতের হজ কমিটির সিইও মিঃ আতাউর রহমান,হজ কনসাল মিঃ নূর রহমান শেখ এবং অসামরিক বিমান পরিবহণের প্রতিনিধি।

সৌদীর হজমন্ত্রীর সংগে বার্তালাপের সময়ে জেনারেল ভি কে সিং দুটি পবিত্র মসজিদের অভিভাবক রাজা আবদুল্লার বেদনাদায়ক প্রয়াণে গভীর শোক প্রকাশ করেন এবং রাজা সলমন বিন আবদুল আজিজের শুভকামনা করেন এবং সন্তোষের সংগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রাজা সলমন বিন আবদুল আজিজের (যুবরাজ) সংগে ২০১৪ সালের ১৬ নভেম্বর ব্রিসবেনের বৈঠকের কথা স্মরণ করেন।

২০১৫ সালের ভারতের হজকোটা হবে ১,৩৬,০২০ । এরএরমধ্যে ভারতের হজকমিটির মাধ্যমে এক লক্ষ তীর্থযাত্রী আসবেন এবং অবশিষ্ট ৩৬,০০০ বেসরকারি ট্যুর অপারেটাররা চয়ন করবেন। মিনায় শীতল ব্যবস্থা উপযুকতো করা,জেড্ডা,মক্কা ও মদিনার মধ্যে তীর্থযাত্রীদের যাতায়াত সুবিদার্থে উন্নত মানের বাসের ব্যবস্থা ,তীর্থযাত্রীদের ক্যাটারিং ব্যবস্থা ও মালপত্রের স্ট্যার্ন্ডাডাইজেশান ব্যবস্থা সহ দুই মন্ত্রী হজ সংকরান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।

**নয়াদিল্লি**

**৪ ফেব্রুয়ারি ২০১৫**